

সরকারি অর্থ ব্যবস্থাপনা বিষয়ে ১৭ জন কর্মকর্তার ব্রিটিশ বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি অর্জন

বাংলাদেশ সরকারের বিভিন্ন পর্যায়ের ১৭ জন কর্মকর্তার যুক্তরাজ্যের আলস্টার বিশ্ববিদ্যালয় থেকে 'সরকারি অর্থ ব্যবস্থাপনা' বিষয়ে এম এ ডিগ্রিপ্রাপ্তি উপলক্ষে রোববার সকাল ১০টায় ফিন্সিয়াস ম্যানেজমেন্ট একাডেমি (ফিমা), সেগুনবাগিচা, ঢাকায় সনদপত্র বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে গেস্ট অফ অনার হিসেবে উপস্থিত থেকে ডিগ্রিপ্রাপ্তদের মধ্যে সনদপত্র বিতরণ এবং কর্মকর্তাদের উদ্দেশে বক্তব্য প্রদান করেন বাংলাদেশের কম্প্রাইসার এন্ড অডিটর জেনারেল মুহম্মদ আহসান আলী সরকার।

অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন আলস্টার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কলিন নব্ব, মি. লেসলি কারসওয়েল, ফিমা প্রকল্পের আন্তর্জাতিক পরামর্শ মিস কেটরিনা ম্যাকহিউ এবং ফিমার মহাপরিচালক আহমেদ আতাউল হাকিম। অনুষ্ঠানে সরকারের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।